

ভিকারুননিসা ভার্টিসি ছাত্রীদের শিক্ষাজীবন রক্ষা করুন ॥

প্রধানমন্ত্রীর প্রতি অভিভাবকগণ

স্টাফ রিপোর্টার ॥ ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের ১৩৩ মেধাবী ছাত্রীর অভিভাবকের পক্ষ থেকে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিপন্ন শিক্ষাজীবন রক্ষার জন্য প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানানো হয়েছে। আগামী তিনদিনের মধ্যে এই দাবি না মানলে সন্তানদের নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালনের ঘোষণা দিয়েছেন অভিভাবকরা। তারা বলেন, দেশের মহিলা প্রধানমন্ত্রীর অঙ্গীকার ছিল মেয়েদের লেখাপড়ায় অব্যাহত সুযোগ

(৭-পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

ভিকারুননিসা ভার্টিসি

(৮-এর পাতার পর)

প্রদান। প্রধানমন্ত্রীর এই অঙ্গীকারের প্রতি অবজ্ঞা ও বৃদ্ধাসূলি প্রদর্শন করে যারা ১৩৩ ছাত্রীর সুন্দর ভবিষ্যত নষ্ট করছে তাদের শাস্তি দাবি করা হয়। অভিভাবকরা আরও বলেন, ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কোন অনিয়ম ও দুর্নীতি থাকলে তা সুষ্ঠু তদন্ত করে দায়ীদের বিচার করা যেতে পারে। কিন্তু বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রীদের শিক্ষাজীবন নিয়ে ছিনিমিনি খেলার অধিকার কারও নেই। তাই দলমতের উর্ধে উঠে এই বিশ্ববিদ্যালয়কে রক্ষায় এগিয়ে আসার জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ ও সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করা হয়।

সাংবাদিক সম্মেলনে অভিভাবকবৃন্দ বলেন, ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ে সন্তানরা ভর্তি হয়ে কোন অন্যায় ও পাপ করেনি। অথচ তাদের শিক্ষাজীবন অন্ধকারময় করে তোলা হয়েছে। আজ তাদের ক্যাম্পাসে ঢুকতে দেয়া হচ্ছে না। শিক্ষাজীবন থেকে বারে গেছে একটি বছর। সন্তানের চিন্তায় প্রতিটি পরিবারে চরম অশান্তি নেমে এসেছে। উদ্বেগ-উৎকর্ষায় অনেক অভিভাবক ও মেধাবী ছাত্রী স্বাভাবিক জীবন থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন। অভিভাবকরা মোটা অঙ্কের টাকা খরচ করে দিশাহারা। ছাত্রীরা সীমাহীন হতাশা নিয়ে দুঃখ-কষ্টে দিন কাটাচ্ছে। এভাবে ধুঁকে ধুঁকে অভিভাবক ও মেধাবী ছাত্রীদের কষ্ট না দিয়ে অবিলম্বে বিশ্ববিদ্যালয় চালু করার আহ্বান জানানো হয়।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে মঙ্গলবার এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সময় লিখিত বক্তব্য পাঠ করেন অভিভাবক মোহাম্মদ নাজমুল হক। উপস্থিত ছিলেন অভিভাবক ফাতেমা নাজমা, ইসরাত জাহান, মফিজুল হক, কামরুল ইসলাম, তায়েবা ইসলাম প্রমুখ। মলিন চেহারা নিয়ে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন ছাত্রী সাংবাদিক সম্মেলনে হাজির হন।